

2nd Semester পরীক্ষার বিজ্ঞপ্তি

০৫.১২.২০২০

এতদ্বারা কান্দি রাজ কলেজের B.A., B. Sc. 2nd Semester অনার্স, প্রোগ্রাম (জেনারেল) কোর্সের ছাত্রছাত্রীকে জানানো যাচ্ছে যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুসারে 2nd Semester পরীক্ষা Online পদ্ধতিতে 14.12.2020 থেকে শুরু হবে এবং চলবে 22.12.2020 পর্যন্ত।

১. এই পরীক্ষার প্রশ্নপত্র কলেজের ওয়েবসাইটে পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে দেওয়া হবে।
২. উত্তর পত্র A4 সাইজের সাদা কাগজে লিখতে হবে ও প্রতি পাতার সিরিয়াল নম্বর পাতার উপরে উল্লেখ করতে হবে।

৩. উত্তর পত্রের প্রতি পাতায় নিজের নাম, Roll No, Registration No, Subject, Paper, session পরপর লিখতে হবে। (সময় বাঁচানোর জন্য এগুলো আগেই A4 সাইজের সাদা পাতায় লিখে রাখার পরামর্শ দেওয়া হচ্ছে)

৪. উত্তর যথাযথ ও নিজের ভাষায় (হুবহু বইয়ের থেকে নকল নয়) লিখতে হবে। উত্তর লিখে স্ক্যান করে pdf করে ৩০ মিনিটের মধ্যে কলেজের ওয়েবসাইটে upload করতে হবে। কলেজ ওয়েবসাইটে krc.edu.in খুলে যেখানে Question Paper দেওয়া থাকবে তার পাশেই Answer Upload লিখা থাকবে। ওখানে ক্লিক করে - প্রথমে নিজের students Id লিখতে হবে। (Students Id পাওয়া যাবে admission এর চালান, Fees জমা করার চালান বা আইডেন্টিটি কার্ডে, বোঝার সুবিধার জন্য একটা Students Id দেওয়া হলো - 2019BAG8266)

দ্বিতীয় ধাপে Select Subject এর বক্স থেকে ওইদিন যে সাবজেক্টের পরীক্ষা সেই সাবজেক্ট সিলেক্ট করতে হবে।

তৃতীয় ধাপে যে পেপারের পরীক্ষা সেই পেপার সিলেক্ট করতে হবে। চতুর্থ ধাপে উত্তর পত্র আপলোড করতে বলা হবে।

শেষ ধাপে উত্তর পত্র সাবমিট করতে বলা হবে এবং সঠিক ভাবে সাবমিট করা হলে অবশ্যই Your Paper has successfully submitted এই মেসেজ পাওয়া যাবে।

এখানে অবশ্যই মনে রাখতে হবে উত্তর লেখা প্রতিটি পাতা সিরিয়াল নম্বর অনুসারে স্ক্যান করে pdf করে save করতে হবে। Pdf করে save না থাকলে কোনো উত্তরপত্র ই Submit করা যাবে না, তাই কি করে pdf করে save করতে হয় তা জানা না থাকলে অবশ্যই শিখে নিতে বলা হচ্ছে। বিশেষ দ্রষ্টব্য: একটা students Id দিয়ে একটা মাত্র পেপারের Answer script ই আপলোড করা যাবে তাই সাবধানে সব পাতা পরপর pdf করে কেবমাত্র নিজের উত্তরপত্র ই সাবমিট করতে বলা হচ্ছে, অন্য students Id ব্যবহার করলে উত্তরপত্র বাতিল হবার সম্ভাবনা থাকবে।

ইন্টারনাল অ্যাসেসমেন্ট পরীক্ষা Honours Course 20.12.2020 রবিবার নেওয়া হবে।
এবং প্রোগ্রাম /জেনারেল কোর্সের নেওয়া হবে 23.12.2020 তারিখে ও এ বিষয়ে বিস্তারিত পরে
জানানো হবে।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ

কান্দি রাজ কলেজ

কান্দি, মুর্শিদাবাদ।